গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অর্থ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৪

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক অর্জনঃ**

সরকারের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যে সম্পদের বরাদ্দ প্রদান ও সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার জন্য অর্থ বিভাগ কাজ করছে। সাম্প্রতিক সময়ে জিডিপি'র শতাংশে সরকারি ব্যয় বিশেষ করে বিনিয়োগ ব্যয় বৃদ্ধি পাওয়া সত্ত্বেও বাজেট ঘাটতি জিডিপি'র ৫ শতাংশের মধ্যে সীমিত ছিল। যার ফলে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় মাত্রার মধ্যে সীমিত থাকার পাশাপাশি সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা সম্ভব হয়েছে। বাজেটের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো নিয়মিত হালনাগাদকরণসহ বাজেট সংশ্লিষ্ট বিভিন্ন ধরণের প্রতিবেদন নিয়মিত প্রকাশ করা হয়েছে। সম্পদের ব্যবহারকে কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের সঙ্গে সঙ্গতিপূর্ণ করতে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন করা হচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং অন্যান্য বৃহৎ মন্ত্রণালয়গুলোতে মধ্যমেয়াদি কৌশল ও কর্মপরিকল্পনা প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি বাজেট ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতির মানোন্নয়নের লক্ষ্যে নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রস্তুত করা হয়েছে। iBAS ব্যবস্থাকে যুগোপযোগী করার মাধ্যমে সরকারি কর্মচারিদের বেতন ভাতা অনলাইনে নির্ধারণ ও কর্মচারিদের ডাটাবেইজ প্রস্তুত করার কাজ শেষ পর্যায় রয়েছে। সরকারি ঋণের ব্যয় ও ঝুঁকির মিশ্রণ সর্বনিম্ন রাখতে মধ্যমেয়াদি ঋণকৌশল প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি, নগদ প্রবাহের প্রক্ষেপণ মডেল প্রস্তুত করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জঃ**

সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপণ প্রক্রিয়ার উন্নতিসাধন, নগদ ব্যবস্থাপনাসহ সার্বিক ঋণ ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন, আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ, আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

দক্ষ আর্থিক নীতি প্রণয়ন ও ব্যবস্থাপনা, সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর বাস্তবায়ন, iBAS-WAN ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ, অনলাইনে বেতন-ভাতা, পেনশন প্রদান এবং ভবিষ্য তহবিল সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতি ও সেবার মান উন্নয়নের পরিকল্পনা রয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ;
- বাজেট ঘাটতি ৪.৫ শতাংশের মধ্যে সীমিত রেখে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় পর্যায়ে রাখা;
- টেকসই ঋণ ধারণক্ষমতার বিশ্লেষণ (DSA), মধ্যমেয়াদি ঋণ কৌশল (MTDS) ও নগদ পূর্বাভাস মডেল হালনাগাদকরণ;
- বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য আধুনিক ও উন্নততর সফটওয়্যার (iBAS++) সংযোজন কাজের ৮০ শতাংশ সম্পন্ন করা;
- নতুন শ্রেণিবিন্যাস কাঠামো বিষয়ে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিনস্থ দপ্তর এবং হিসাব মহানিয়ন্ত্রকের আওতাধীন অফিসসমূহে কর্মরত সকলকে প্রশিক্ষণ প্রদান;
- পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন কাজের শতভাগ সম্পন্ন করা এবং
- ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

দূরদর্শী ও টেকসই সরকারি আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে উচ্চ প্রবৃদ্ধি অর্জন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

বিচক্ষণ আর্থিক নীতি প্রণয়ন ও সুষ্ঠু আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা ও সরকারের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা;
২. স্থিতিশীল আর্থ-ব্যবস্থাপনা ও সম্পদ বণ্টনে দক্ষতার উন্নয়ন;
৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা;
৪. পেনশন ব্যবস্থার সংস্কার এবং
৫. সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা;

২. আর্থিক নীতিমালার উপর গবেষণা ও বিশ্লেষণ, এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ এবং অর্থনৈতিক সমীক্ষা, বাজেটের অর্থনৈতিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন;

৩. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের জন্য বিনিয়োগে কারিগরি সহায়তা এবং হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত বিষয়াদি;

৪. বাজেট প্রণয়ন, অর্থ উপযোজন, পুনঃউপযোজন এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশনসমূহের কার্যাবলি পরিবীক্ষণের মাধ্যমে বাজেট পরীক্ষা ও অনুমোদন;

৫. বেতন স্কেল, বেতন নির্ধারণ, ছুটি, পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ইত্যাদি এবং এরূপ বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও প্রয়োজনীয় আদেশ জারিকরণ;

৬. বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং আইএমএফ সংক্রান্ত বিষয়াবলি এবং

৭. ঋণ এবং সাহায্যসহ সরকারি ঋণ ও ট্রেজারি ব্যবস্থাপনা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: অভ্যন্তরীণ উৎস | জিডিপি'র শতকরা হার | ২.৭ | ৩.০ | ৩.০ | ৩.১ | ৩.২ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| ঘাটতি অর্থায়ন: বৈদেশিক উৎস | জিডিপি'র শতকরা হার | ০.৮ | ০.৯ | ১.২ | ১.৭ | ১.৮ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস | |
| বাজেট বরাদ্দ ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি | বাজেট বরাদ্দ ও ব্যয়ের অনুপাত | শতকরা হার | ৮৮.০০ | ৮৮.০০ | ৯৩.০০ | ৯৩.০০ | ৯৪.০০ | পরিকল্পনা মন্ত্রণালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি | জিডিপি'র শতকরা হার | ৩.৫ | ৪.১ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা; | ২৫ | [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | সংখ্যা | ৭.০০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | সংখ্যা | ৫.০০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সংখ্যা | ৪.০০ | ২ | ২ | ৩ | ২ | | | | ৩ | ৩ |
| | | | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | সংখ্যা | ৩.০০ | ১২ | ১০ | ১২ | ১০ | ৮ | | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | সংখ্যা | ৩.০০ | ১২ | ১২ | ১২ | ১০ | | | | ১২ | ১২ |
| | | [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে নীতি সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সংখ্যা | ৩.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৫ |
| [২] স্থিতিশীল আর্থ-ব্যবস্থাপনা ও সম্পদ বণ্টনে দক্ষতার উন্নয়ন; | ২৫ | [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | % | ৫.০০ | ১৩.৫ | ১৩.৮ | ১৪.৫ | ১৪.৩ | ১৪.২ | ১৪.১ | ১৪.০ | ১৭.৬ | ১৮.০ |
| | | [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | % | ৫.০০ | ৩.৮ | ৪.০ | ৪.৫ | ৪.৪ | ৪.৩ | ৪.২ | ৪.১ | ৪.৯ | ৪.৯ |
| | | [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্রে বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্যে ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | % | ৫.০০ | ৮৯ | ৮৯ | ৯১ | ৯০ | ৮৮ | ৮৭ | ৮৫ | ৯০ | ৯২ |
| | | | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | % | ৫.০০ | ৮৫ | ৮৪ | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৫ | ৮৪ | ৯২ | ৯৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সংখ্যা | ৫.০০ | ৯ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |
| [৩] টেকসই ঋণ ব্যবস্থাপনা; | ১৬ | [৩.১] ঋণ ব্যবস্থাপনা নীতি ও কৌশল সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১] টেকসই ঋণ বিশ্লেষন প্রতিবেদন প্রকাশ | তারিখ | ২.০০ | ৩১-১০-২০১৫ | ১৫-০২-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | ২৮-০২-২০১৭ | ৩১-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-১২-২০১৭ | ৩১-১২-২০১৮ |
| | | [৩.২] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.২.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সংখ্যা | ২.০০ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |
| | | | [৩.২.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) সভা | সংখ্যা | ১.০০ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [৩.৩] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ১.০০ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.৩.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ১.০০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.৪] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ | [৩.৪.১] হালনাগাকৃত ঋণ দায়ের স্থিতি | % | ২.০০ | ৫৫ | ৬৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৮০ | ৮৫ |
| | | | [৩.৪.২] প্রকাশিত বার্ষিক ঋণ প্রতিবেদন | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৬ | ৩১-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ৩১-১২-২০১৭ | ৩১-১২-২০১৮ |
| | | [৩.৫] সরকারি নগদ ব্যবস্থাপনার পূর্বাভাস মডেল হালনাগাদকরণ | [৩.৫.১] হালনাগাদকৃত নগদ পূর্বাভাস মডেল | সংখ্যা | ১.০০ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৩.৬] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে এ সংক্রান্ত দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৬.১] প্রকাশিত তথ্য | সংখ্যা | ৩.০০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | [৩.৭] ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন-২০১৫ বাস্তবায়ন | [৩.৭.১] ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল গঠন | তারিখ | ২.০০ | | | ১৫-০৬-২০১৬ | ৩১-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] পেনশন ব্যবস্থার সংস্কার এবং | ৭ | [৪.১] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন | [৪.১.১] সম্পন্ন ডাটা এন্ট্রি কাজ | % | ২.০০ | ৪৫ | ৯০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | [৪.২] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৪.২.১] গুরুত্বপূর্ন স্টেকহোল্ডারদের সাথে তথ্য ও মত বিনিময় সভা/ কর্মশালা | সংখ্যা | ১.৫০ | | | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | | [৪.২.২] ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রণীত ধারণাপত্র সরকারের নিকট উপস্থাপন | তারিখ | ১.৫০ | | | ৩১-১২-২০১৬ | ৩১-০৩-২০১৭ | ১২-০৫-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ৩০-০৬-২০১৭ | ৩০-০৬-২০১৮ | ৩০-০৬-২০১৯ |
| | | [৪.৩] কল্যাণ কর্মকর্তার দায়িত্ব সুনির্দিষ্টকরণ | [৪.৩.১] প্রজ্ঞাপন জারি | তারিখ | ১.০০ | | | ০১-১২-২০১৬ | ১৫-১২-২০১৬ | ৩১-১২-২০১৬ | ১৫-০১-২০১৭ | ৩০-০৬-২০১৭ | | |
| | | [৪.৪] জীবনযাত্রার ব্যয়ের সাথে সঙ্গতি রেখে প্রজাতন্ত্রের কর্মচারিদের জন্য ভ্রমণভাতা ও দৈনিক ভাতার হার পুনঃনির্ধারণ | [৪.৪.১] প্রজ্ঞাপন জারি | তারিখ | ১.০০ | | | ৩০-০৯-২০১৬ | ১৫-১০-২০১৬ | ৩০-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৫] সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ। | ৭ | [৫.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৫.১.১] সম্পাদিত কাজ | % | ৩.০০ | ৩০ | ৫০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ১০০ |
| | | [৫.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৫.২.১] সম্পাদিত কাজ | % | ২.০০ | ৫০ | ৫৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [৫.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৫.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ২.০০ | ৩০০ | ৩২০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩২৫ | ৩২০ | ৩৬০ | ৩৭০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র সচিব<br>অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয় | ৪.৮.২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | সিডিএমটিসি (CDMTC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি (Cash & Debt Management Technical Committee) |
| ২ | সিজিএ | কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস |
| ৩ | DSA | Debt Sustainability Analysis |
| ৪ | iBAS++ | Integrated Budget and Accounting System, Version ++ |
| ৫ | DMFAS v6.o | Debt Management and Financial Analysis System, version 6.0 |
| ৬ | এমটিএমএফ (MTMF) | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macro Economic Framework) |
| ৭ | এনবিআর | জাতীয় রাজস্ব বোর্ড |
| ৮ | MTDS | Medium Term Debt Strategy |
| ৯ | এনটিআর | নন ট্যাক্স রেভিনিউ |
| ১০ | সিডিএমসি (CDMC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটি (Cash & Debt Management Committee ) |
| ১১ | জিডিপি (GDP) | জাতীয় অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিত্বে উচ্চ পর্যায়ের কমিটি (কো-অর্ডিনেশন কাউন্সিল) কর্তৃক হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) অনুমোদিত হয়। এমটিএমএফে অর্থনীতির চারটি খাত (প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও বহিঃ) সম্পর্কিত সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপন সন্নিবেশিত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | “সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯”-এর ১১ ধারা অনুযায়ী মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি জাতীয় সংসদে উপস্থাপন করা হয়, যাতে অন্তর্নিহিত অনুমানসমূহের বিশ্লেষণসহ অর্থনীতির প্রবৃদ্ধি সম্ভাবনার পর্যালোচনা, অর্থনৈতিক সূচকসমূহের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা, রাজস্ব আয়, ব্যয়, বাজেট ঘাটতি অর্থায়ন, ঋণ সংগ্রহ কৌশলের মূল্যায়ণ, ঋণ গ্রহণের লক্ষ্যমাত্রা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | নীতি বিবৃতিটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | প্রতি বছর বার্ষিক বাজেট ডকুমেন্টস-এর সাথে জাতীয় সংসদে উপস্থাপন করা হয় |
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | “সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯” অনুযায়ী বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপন করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | প্রতিবেদনটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | |
| | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত “Monthly Report on Fiscal Position” | প্রতিবেদনে রাজস্ব পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত “Monthly Macro-Fiscal Update” | প্রতিবেদনে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে নীতি সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | অভ্যন্তরীণ গবেষণা কর্মকান্ডের অংশ হিসেবে অর্থ বিভাগের কর্মকর্তাগণ একাধিক পলিসি নোট, ধারণাপত্র ও গবেষণাপত্র প্রস্তুত করে থাকে, যা নীতি নির্ধারণে ভূমিকা পালন করে। উল্লেখ্য, এ পর্যন্ত প্রস্তুতকৃত বিভিন্ন পলিসি নোট ও গবেষণাপত্র সরকারের বেশ কয়েকটি মাইলফলক নীতি প্রণয়নে ভূমিকা রেখেছে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | বাজেটের আওতাধীন সরকারি ব্যয় | সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | সরকারের রাজস্ব আয় ও সরকারি ব্যয়ের পার্থক্য (অনুদান ব্যতীত) | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্রে বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্যে ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত ব্যয় অবস্থার উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ করা হয়। এ সভাসমূহ হতে জাতীয় বাজেট প্রনয়নের নীতি-কৌশল সম্পর্কে ধারণা পাওয়া যায়। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ঋণ ব্যবস্থাপনা নীতি ও কৌশল সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১] টেকসই ঋণ বিশ্লেষন প্রতিবেদন প্রকাশ | ঋণ ব্যয় ও ঝুঁকি বিবেচনায় নিয়ে মধ্যমেয়াদে সরকার কোন উৎস থেকে কি পরিমাণ ঋণ গ্রহণ করবে তার প্রক্ষেপন করার জন্য এ সূচক কার্যকর। আন্ত: সংস্থা সমন্বয়ের মাধ্যমে ২০১৪ সালে সরকারের প্রথম মধ্যমেয়াদি ঋণ কৌশল প্রণীত হয় যা নভেম্বরও ২০১৪তে অনুমোদিত ও ফেব্রুয়ারি ২০১৫ তে ওয়েবসাইটে প্রকাশিত হয়। প্রতিবছর সামগ্রিক পরিকলপনার সাথে মিল রেখে হালনাগাদ করা এবং তা প্রকাশ করার জন্য এ সূচক ব্যবহার করা হবে। | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় । | অর্থ বিভাগের ওয়েবসাইট | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.২.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে নিবিড়, জবাবদিহিমূলক ও নির্ভুল করার জন্য সর্বোচ্চ নীতি-নির্ধারণী কমিটিকে কারিগরি সহায়তা প্রদান, ডাটা'র গুণগত মান বজায় রাখা, পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন এ কারিগরি কমিটির কাজ। ঋণ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে নিয়মিত নিবিড় যোগাযোগ রক্ষা করার মাধ্যমে কার্যক্রম সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রতিনিধি নিয়ে গঠিত এ কমিটির নিয়মিত সভা সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে গতিশীল ও কার্যকর রাখে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.২.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনার সর্বোচ্চ নীতি নির্ধারণী এ কমিটিতে ঋণ সংশ্লিষ্ট সকল দফতরের প্রতিনিধিত্ব রয়েছে। নগদ ও ঋণের ব্যয় ও ঝুঁকি সর্বনিম্ন পর্যায়ে রেখে বাজেট ঘাটতি অর্থায়ন এবং অর্থ ব্যবস্থাপনায় টেকসই অবস্থা বজায় রাখার জন্য বিভিন্ন নিয়ামকের গতি প্রকৃতি পর্যালোচনা করে এ কমিটি নির্দেশনা প্রদান করে। অর্থ সচিবের সভাপতিত্বে কমিটি সাধারনত বৎসরে ৪টি সভায় মিলিত হয়। সভার নিয়মিত অনুষ্ঠান সরকারের নগদ ও ঋণ পরিকল্পনা বাস্তবায়নের পরিবীক্ষণ নিশ্চিত করে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক। | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,বাংলাদেশ ব্যাংক, সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় । | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বিল মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি,স্বচ্ছতা নিশ্চিত করার জন্য টেজারি বিলের মাসওয়ারি নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |
| | [৩.৩.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডের মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি,স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৪] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ | [৩.৪.১] হালনাগাকৃত ঋণ দায়ের স্থিতি | প্রতি বছর বাজেট ঘাটতি অর্থায়নের জন্য ঋণ গ্রহণ করায় ঋণের স্থিতি পরিবর্তন হয় এবং সরকারের ঋণ টেকসই অবস্থানেরও পরিবর্তন হয়। এর ফলে ঝুকিরও হ্রাস বৃদ্ধি ঘটে। ঋণের টেকসই অবস্থান নির্ণয়ের জন্য ঋণ দায়ের স্থিতি নির্ণয় অপরিহার্য বিধায় স্থিতি হালনাগাদ করা একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.৪.২] প্রকাশিত বার্ষিক ঋণ প্রতিবেদন | প্রতি বছর বাজেট ঘাটতি অর্থায়নের জন্য ঋণ গ্রহণ করায় ঋণের স্থিতি পরিবর্তন হয় এবং সরকারের ঋণ টেকসই অবস্থানেরও পরিবর্তন হয়। এর ফলে ঝুঁকিরও হ্রাস বৃদ্ধি ঘটে। ঋণের টেকসই অবস্থান নির্ণয়ের জন্য ঋণ দায়ের স্থিতি নির্ণয় অপরিহার্য। স্থিতি হালনাগাদ করা হলে ঋণ ব্যয় নির্ণয়, ঝুঁকিসমূহ চিহ্নিত করা, ঋণ বৃদ্ধির ফলে আর্থ ব্যবস্থাপনা ও সামষ্টিক অর্থনীতিতে প্রভাব নির্ণয় এবং টেকসই অবস্থাপনের পরিবর্তনসহ অন্যান্য বিষয়সহ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] সরকারি নগদ ব্যবস্থাপনার পূর্বাভাস মডেল হালনাগাদকরণ | [৩.৫.১] হালনাগাদকৃত নগদ পূর্বাভাস মডেল | সরকারের সংযুক্ত তহবিলে নগদের স্থিতির পরিমাণের উপর ঋণ গ্রহণ পরিকল্পনা করা হলে প্রয়োজনের অতিরিক্ত ঋণ গ্রহণের আশঙ্কা কমে যায় এবং এর ফলে ঋণ দায় ও ঋণ ব্যয় পরিমিত হয়। নিয়মিত নগদের স্থিতির পরিমাণ পূর্বাভাস করার মাধ্যমে ঋণ গ্রহণ পরিকলপনা করার জন্য নগদের স্থিতির পরিমাণ পূর্বাভাস একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইট | |
| [৩.৬] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে এ সংক্রান্ত দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৬.১] প্রকাশিত তথ্য | প্রচ্ছন্ন দায় ঋণের স্থিতিতে প্রদর্শিত হয় না কিন্তু সরকারের কাছ থেকে গ্যারান্টি গ্রহণকারী ঋণ পরিশোধে ব্যর্থ হলে তা পরিশোধের ভার সরকারের উপর বর্তায় বিধায় ঋণের মতো প্রচ্ছন্ন দায়েরও স্বচ্ছ ও নিয়মিত পরিবীক্ষণ জরুরি। এ জন্য প্রচ্ছন্ন দায়ের স্থিতি সম্বলিত তালিকা বার্ষিকভিত্তিতে প্রকাশ গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস | |
| [৪.১] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন | [৪.১.১] সম্পন্ন ডাটা এন্ট্রি কাজ | পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়নের ফলে মানব সম্পদ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত বিষয়ে সঠিক পূর্বাভাস প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | সিজিএ কার্যালয় ও অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৪.২.১] গুরুত্বপূর্ন স্টেকহোল্ডারদের সাথে তথ্য ও মত বিনিময় সভা/ কর্মশালা | ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে সরকারি ও বেসরকারি কাতের গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিয়ে কর্মশালার আয়োজন করা হবে | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.২.২] ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রণীত ধারণাপত্র সরকারের নিকট উপস্থাপন | ফান্ডেড পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণয়ন করা হবে | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] কল্যাণ কর্মকর্তার দায়িত্ব সুনির্দিষ্টকরণ | [৪.৩.১] প্রজ্ঞাপন জারি | কল্যাণ কর্মকর্তার নিয়োগের প্রজ্ঞাপন জারি করা হবে। এতে পেনশন প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা দ্রুততর হবে। | প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] জীবনযাত্রার ব্যয়ের সাথে সঙ্গতি রেখে প্রজাতন্ত্রের কর্মচারিদের জন্য ভ্রমণভাতা ও দৈনিক ভাতার হার পুনঃনির্ধারণ | [৪.৪.১] প্রজ্ঞাপন জারি | কর্মচারিদের জন্য ভ্রমণভাতা ও দৈনিক ভাতার হার পুন: নির্ধারণ করা হবে। এতে করে কর্মচারিদের কাজে গতিশীলতা আসবে | প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৫.১.১] সম্পাদিত কাজ | iBAS এর স্থলাভিষিক্ত হতে যাওয়া বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) বাংলাদেশের আর্থিকখাত সংস্কারের একটি গুরুত্বপূর্ণ অনুসর্গ হিসেবে কাজ করবে। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৫.২.১] সম্পাদিত কাজ | প্রস্তাবিত নতুন 'Chart of accounts and classification code' সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারের আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান, যা সরকারের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে | অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৫.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে কর্মকর্তাদের capacity building এর জন্য প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া | অর্থ বিভাগ, ইনষ্টিটিউট অফ পাবলিক ফাইন্যান্স (আইপিএফ) | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | জাতীয় রাজস্ব বোর্ড (অভ্যন্তরীণ সম্পদ বিভাগ) | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | জনবল বৃদ্ধি, আইনগত ও প্রশাসনিক সংস্কারের প্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে | লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় সম্ভব না হলে ব্যয়ের চাহিদা মেটাতে অতিরিক্ত ব্যাংক ঋণ গ্রহণ সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতে পারে। |
| অন্যান্য | পরিকল্পনা কমিশন | | বাজেট বরাদ্দের পরিপূর্ণ ব্যবহার | পরিকল্পনা মন্ত্রণালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাক্রমে চাহিদা অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য অর্জন সম্ভব নাও হতে পারে |
| অন্যান্য | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহ পূর্ন ব্যবহার | বাজেট বাস্তবায়নের জন্য দেশীয় সম্পদের সাথে বৈদেশিক সহায়তা দরকার | লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহ সম্ভব না হলে বাজেট বাস্তবায়ন সম্ভব হবে না। |
| অন্যান্য | বাংলাদেশ ব্যাংক | সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | মুদ্রানীতির পরিপূর্ন বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল রাখা | মুদ্রানীতির পরিপূর্ন বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল হলে বাজেটে বর্নিত লক্ষমাত্রা অর্জন সহজ হবে। | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি তথা সঞ্চয়, বিনিয়োগ, আমদানি ও রপ্তানিতে বিরুপ প্রভাব পড়বে। |